# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮৬০

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৫. সালম (অগ্রিম) ক্রয় বিক্রয়, ঋণ ও বন্ধক - কার্জ করা এবং তা পরিশোধের সময় অতিরিক্ত দেওয়া জায়েয

## আরবী

وَعَنْ أَبِي رَافِعٍ ـ أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ اسْتَسْلَفَ مِنْ رَجُلٍ بَكْرًا فَقَدِمَتْ عَلَيْهِ إِبِلٌ مِنَ الصَّدَقَةِ, فَأَمَرَ أَبَا رَافِعٍ أَنْ يَقْضِيَ الرَّجُلَ بَكْرَهُ, فَقَالَ: لَا أَجِدُ إِلَّا خِيَارًا. قَالَ: «أَعْطِهِ إِيَّاهُ, فَإِنَّ خِيَارَ النَّاسِ أَحْسَنُهُمْ قَضَاءً». رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (1600)، وفي رواية له: فإن خير عباد الله

## বাংলা

৮৬০. আবূ রাফি’ (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির নিকট থেকে একটা অল্প বয়সের উট[1] ধার নিয়েছিলেন। তারপর তাঁর নিকটে যাকাতের উট এসে গেলে তিনি আবূ রাফে’কে ঐ রূপ অল্প বয়সের একটি (বাকারাহ) উট দিয়ে দিতে আদেশ দিলেন। আবূ রাফে বললেন, আমি সপ্তম বছরে পদার্পণকারী রাবায়ী উত্তম উট ব্যতীত পাচ্ছি না।[2] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে ভাল উটাই দিয়ে দাও। কারণ লোকেদের মধ্যে অবশ্য ঐ ব্যক্তি উত্তম যিনি ঋণ পরিশোধে উত্তম। (মুসলিম)[3]

## ফুটনোট

[1] অল্প বয়সের উটকে بَكْر (বাকর) বলা হয়।

[2] মুসলিমের বর্ণনায় রয়েছে, خيارًا رَبَاعِيًا আর رَبَاعِيًا বলা হয় ঐ উটকে যার বয়স ছয় বছর পূর্ণ হয়ে সাত বছরে পড়েছে। خيارًا বলা হয় ভালো উটকে।

[3] মুসলিম ১৬০০, তিরমিযী ১৩১৮, নাসায়ী ৪৬১৭, আবূ দাউদ ৩৩৪৬, ইবনু মাজাহ ২২৮৫, আহমাদ ২৬৬৪০, মুওয়াত্তা মালেক ১৩৮৪, দারেমী ২৫৬৫। মুসলিমের অপর এক বর্ণনায় রয়েছে, নিশ্চয় আল্লাহর বান্দাদের মধ্যে সবচেয়ে উত্তম হচ্ছে সেই ব্যক্তি যিনি কর্জ পরিশোধে উত্তম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ রাফি‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70671

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন